গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয়ঃ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ও নির্দেশিকা ২০২২-২৩ এর অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
তারিখ ও সময়	:	০৮ নভেম্বর ২০২২, বেলা: ০২.৩০ টায়
স্থান	:	অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণ-কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক এবং সক্ষমতা অর্জন বিষয়ক কার্যক্রমের ০২ (দুই)টি ক্ষেত্র রয়েছে যার আওতায় মোট ০৬ (ছয়)টি কার্যক্রম রয়েছে। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী সেবা-প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করেন।

০২। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির গত ২৪/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রমসমূহের বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, এ বিভাগের সিপিটিইউ কর্তৃক জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত রিভিল প্যানেলে আপিল জমা পড়েছে ০৫ টি এর মধ্যে ০২টি রিভিউ আপিল এর সিদ্ধান্ত/রায় প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ০৩টি আপিল এর শুনানী ও অন্যান্য কাজ প্রক্রিয়াধীন রয়েছে। জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ১ম কোয়ার্টারে ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অন্তর্ভুক্ত হয়েছে মোট ০৮টি। এ বিভাগের ০৮টি মনিটরিং সেক্টরের মাধ্যমে ১ম ত্রৈমাসিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে ৭৫টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুপারিশ প্রদান করা হয়েছে। ১ম ত্রৈমাসিক জুলাই হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ০৬টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের অনুচ্ছেদ ১.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ১ম ত্রৈমাসিক ভিত্তিতে গত ২৭/০৯/২০২২ খ্রিঃ তারিখে হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং অনুচ্ছেদ ১.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্তের আলোকে (জুলাই হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত) ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন গত ১১/১০/২০২২ খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

০৩। আলোচনা:

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করার জন্য এ বিভাগের সিপিটিইউ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব শতভাগ নিষ্পত্তি করণের বিষয়ে আলোচনা করা হয়। অনুচ্ছেদ ১.৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে নির্ধারিত মূল্যায়ন প্রক্রিয়া অনুযায়ী কমপক্ষে ০৪টি সভার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয় (কিন্তু এ বিভাগের আওতাধীন কোন দপ্তর/সংস্থা নেই)। এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর এবং বহিঃবাংলাদেশ ছুটি আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ০১টি প্রশিক্ষণ এর আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। অনুচ্ছেদ ২.২ অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ ২য় ও ৪র্থ কোয়ার্টারের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজন এবং অনুচ্ছেদ ১.২ অনুযায়ী ২য় ত্রৈমাসিক (অক্টোবর থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত) সেবা প্রদান প্রতিশ্রুতি গত ২৬/১০/২০২২ তারিখে হালনাগাদপূর্বক নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবার নির্ধারিত ফরমসমূহ হাইপার লিংক করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরার বিষয়ে আলোচনা হয়।

চলমান পাতা-০২

০৪। সিদ্ধান্ত:

৪.১ এ বিভাগের সিপিটিইউ কর্তৃক বাস্তবায়িত রিভিউ প্যানেল আপিল, ই-জিপি ওয়েবপোর্টালে সরকারি বিভিন্ন ক্রয়কারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অন্তর্ভুক্তির জন্য আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করা হবে।

৪.২ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুচ্ছেদ ১.১ অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে।

৪.৩ অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধি-বিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

৪.৪ এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সাধারণ ভবিষ্য তহবিল, অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রদান, পিআরএল মঞ্জুর, পেনশন মঞ্জুর এবং বহিঃবাংলাদেশ ছুটি আবেদনের প্রেক্ষিতে শতভাগ সেবা প্রদান করা হবে।

৪.৫ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সুনির্দিষ্ট প্রস্তাব ও যৌক্তিকতার ভিত্তিতে সুপারিশ প্রদান করা হবে।

৪.৬ অনুচ্ছেদ ২.২ অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ-কে ২য় ও ৪র্থ কোয়ার্টারের মধ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৪.৭ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে।

৪.৮ অনুচ্ছেদ ১.৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে এ বিভাগের আওতাধীন কোন দপ্তর/সংস্থা নেই মর্মে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।

৪.৯ সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় বাস্তবায়নের ফলোআপ তুলে ধরতে হবে।

০৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.১১.২০২২

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
অতিরিক্ত সচিব
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ এবং বাস্তবায়ন কমিটি
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

স্মারক নং-২১.০০.০০০০.০০৩.০৫.০২৯.২২-৪৯৫

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯ / ১০ নভেম্বর ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃঃআঃ-উপসচিব, সুশাসন অধিশাখা}।
২. প্রধান (অতিরিক্ত সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ (শিল্প ও শক্তি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩. মহাপরিচালক (সকল), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪. জনাব মোঃ মাহফুজার রহমান, উপপরিচালক (যুগ্মসচিব), সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ **{অনুচ্ছেদ ২.২ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে এ বিভাগের সিপিটিইউ কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২য় ও ৪র্থ কোয়ার্টার ০২টি অবহিতকরণ সভা আয়োজনের জন্য অনুরোধ করা হলো}**।
৫. যুগ্মসচিব (সংযুক্ত), সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬. সচিবের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭. জনাব মোহাম্মদ রফিকুল হক, সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮. জনাব নাজনীন সুলতানা, সিনিয়র সহকারী সচিব, প্রশা-০২ শাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ **{অনুচ্ছেদ ২.১ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য ত্রৈমাসিক ভিত্তিতে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুরোধ করা হলো}**।
৯. জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও শুদ্ধাচার শাখা, সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি।
১০. জনাব মোহাম্মদ রফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
১১. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০.১১.২০২২

(মোহাম্মদ রফিকুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন:-৯১৮০৭০৭
ই-মেইল-
sasadmin1@imed.gov.bd